সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

নং-এইচআরডিডি/পলিসি/৪০/৫১/৩৭৯/১৯৪ তারিখঃ ২৬ জানুয়ারি, ২০১২

পরিপত্র নং: ৫২

সকল অফিস/শাখা প্রধানগণ
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ/বহি:বাংলাদেশ।

**সোনালী ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী হতে অবসর গ্রহণের বয়স ৫৭ (সাতান্ন) বছর হতে ৫৯ (উনষাট) বছরে উন্নীতকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি ২৬/১২/২০১১ তারিখে এক অধ্যাদেশ (অধ্যাদেশ নং ০৩, ২০১১) দ্বারা Public Servants (Retirement) Act, 1974 এর অধিকতর সংশোধনকরত প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর গ্রহণের বয়স ৫৭ (সাতান্ন) হতে ৫৯ (উনষাট) বছরে উন্নীত করেছেন।

২.০০: বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সূত্রোক্ত অধ্যাদেশ সোনালী ব্যাংক লিমিটেড পরিচালনা পরিষদ এর গত ১৬ জানুয়ারী, ২০১২ তারিখে অনুষ্ঠিত ২৩৬ তম সভায় বিস্তারিত পর্যালোচনার পর সোনালী ব্যাংক কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯৫ দ্বারা নিয়ন্ত্রিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর গ্রহণের বয়সসীমা স্বয়ংক্রিয়ভাবে ৫৭ (সাতান্ন) বছর হতে ৫৯ (উনষাট) বছরে উন্নীত হওয়ার বিষয়টি পরিচালনা পরিষদ অবহিত হয়। সে সঙ্গে সোনালী ব্যাংক লিমিটেড কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ দ্বারা নিয়ন্ত্রিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর গ্রহণের বয়সসীমা ৫৭ বছর হতে ৫৯ বছরে উন্নীত করার এবং তদনুযায়ী সোনালী ব্যাংক লিমিটেড কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৫৫.১.৩(১) নং প্রবিধান সংশোধন করার অনুমোদন দেওয়া হয়।

৩.০০: এমতাবস্থায়, পরিচালনা পরিষদ এর অনুমোদনের প্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৫৫.১.৩(১) নং প্রবিধানে ৫৭ এর পরিবর্তে ৫৯ প্রতিস্থাপন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

আপনাদের বিশ্বস্ত

(নওশের আলী খন্দকার)
জেনারেল ম্যানেজার

(এ, কে, এম সাজেদুর রহমান খান)
ডেপুটি জেনারেল ম্যানেজার